গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.habiganj.com.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৩৬০০.০০৪.০১.১১০.২৫- ৪৪৬

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩২
১০ আগস্ট ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ১৪.০৭.২০২৫ তারিখের ৪৬.০১৮.০১১.০০.০০.০০১.২০১১(অংশ-১)-২১২৫ নং স্মারকে জারীকৃত ছাড়পত্র মোতাবেক হবিগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদের "ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর" এর শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://dchabiganj.teletalk.com.bd এ অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। Online ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২. | ৩ | ৪ | ৫ |
| ০১ | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৪ (চার) টি | ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪<br>(ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতনভাতা প্রাপ্য হবে) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিত্র-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ০২ | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ) টি | ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬<br>(ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতনভাতা প্রাপ্য হবে) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীর বয়সসীমা ১৬ আগস্ট ২০২৫ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছরের হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে "ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১" অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনের উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

৫। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে "ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১" মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

৬। আগামী ১৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ সকাল ০৯.০০ টা হতে ৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা পর্যন্ত অনুচ্ছেদ-১১ অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল করা যাবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) কপি সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্যকাগজপত্রের তালিকা:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);
(খ) হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(গ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ;
(ঘ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
(চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
(ছ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন করা হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। তথ্য গোপনকারীর আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১১। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

(ক) আবেদনে ইচ্ছুক প্রার্থী http://dchabiganj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৭ আগস্ট ২০২৫ সকাল ০৯:০০ টা।

(ii) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৭ সেপ্টেম্বর ২০২৫ বিকাল ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Prepaid মোবাইল নম্বর-এ এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60kb হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk Prepaid মোবাইল নম্বর হতে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২.০০ (বারো) টাকাসহ মোট ১১২.০০ (একশত বারো) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬.০০ (ছয়) টাকাসহ মোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, **"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS : DCHABIGANJ<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

**Example: DCHABIGANJ ABCDEF**

Reply: Applicant's Name, Tk. 112/56 Will be Charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee Type DCHABIGANJ<space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DCHABIGANJ<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCHABIGANJ YES xxxxxxxxx**

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for DCHABIGANJ application for xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dchabiganj.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ওয়েবসাইট (https://www.habiganj.gov.bd/)-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। নতুবা পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(জ) শুধু Teletalk Prepaid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DCHABIGANJ<space>Help<space>User<space>User ID send to 16222. Example: DCHABIGANJ HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN জানা থাকলে DCHABIGANJ<space>Help<space>PIN<space>PIN No send to 16222 Example: DCHABIGANJ HELP PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট https://www.habiganj.gov.bd/ এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://www.habiganj.gov.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোনো মোবাইল রিচার্জ অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ www.facebook.com/alljobs.bdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (mail/মেসেজ এর Subject – Organization Name : DCHABIGANJ, Post name: ............, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://www.habiganj.gov.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত কোটানীতি অনুসরণ করা হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

* ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা প্রমাণিত হলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরেও যেকোনো পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি.দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

১০।০৮।২৫

(ড. মোঃ ফরিদুর রহমান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন : ০২৯৯৬৬০৬১০০
E-mail: dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৩৬০০.০০৪.০১.১১০.২৫-৪৪৩

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩২ / ১০ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক......................................(সকল), সিলেট বিভাগ।
৫। পুলিশ সুপার, হবিগঞ্জ।
৬। সিভিল সার্জন, হবিগঞ্জ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), হবিগঞ্জ।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ।
১১। উপপরিচালক, জেলা তথ্য অফিস, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১২। প্রশাসক, উপজেলা পরিষদ,.........................................(সকল), হবিগঞ্জ।
১৩। প্রশাসক, ......................................পৌরসভা (সকল), হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪। উপজেলা নির্বাহী অফিসার,........................................(সকল), হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৫। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, হবিগঞ্জ।
১৬। সহকারী কমিশনার/সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের জন্য অনুরোধ করা হলো)
১৭। ইউপি চেয়ারম্যান/প্রশাসক, ...নং...................ইউপি, উপজেলা...............(সকল), হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৮। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/অফিস কপি।

১০।০৮।২৫

জেলা প্রশাসক
হবিগঞ্জ